

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

### আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَقْرَأَ بِالْمُعَوِّذَاتِ فِعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَقْرَأَ بِالْمُعَوِّذَاتِ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

#### বাংলা

৯৬৯-[১১] 'উক্বাহ্ ইবনু 'আমির (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে প্রতি সালাতের শেষে ''কুল আ'উযু বিরাব্বিন্ না-স'' ও ''কুল আ'উযু বিরাব্বিল ফালাক্ক'' পাঠ করার নির্দেশ দিয়েছেন''। (আহমাদ, আবু দাউদ, নাসায়ী, বায়হাকী- দা'ওয়াতুল কাবীর)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৫২৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْمُعُوِّذَاتِ) দ্বারা সেই সমস্ত আয়াত উদ্দেশ্য যা শব্দগত বা অর্থগত দিক থেকে আশ্রয় প্রার্থনাকে শামিল করে। ফলে সূরাহ্ ইখলাস এবং সূরাহ্ কাফিরূন এই মু'আব্রিযাতের অন্তর্ভুক্ত। কেননা এতে আশ্রয় প্রার্থনার অর্থ বিদ্যমান। এও বলা হয়ে থাকে যে, (الْمُعُوِّذَاتِ) বলতে শুধু সেই শব্দ উদ্দেশ্য যে শব্দ দ্বারা আশ্রয় প্রার্থনা করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন